

50025 - কোন পুরুষ বা নারীর মসজিদ ছাড়া অন্যত্র ইতিকাফ করা সহিহ নয়

প্রশ্ন

কোন নারী কি নিজ ঘরে ইতিকাফ করতে পারেন?

প্রিয় উত্তর

আলেমগণ এই মর্মে একমত যে, কোন পুরুষের জন্য মসজিদ ছাড়া ইতিকাফ করা সহিহ নয়। যেহেতু আল্লাহ তাআলা বলেন: “আর তোমরা মসজিদে ইতিকাফে থাকা অবস্থায় স্ত্রীদের সাথে যৌনকর্ম করো না।”[সূরা বাক্বারা, আয়াত: ১৮৭] আয়াতে ইতিকাফকে মসজিদের সাথে খাস করা হয়েছে।[দেখুন: আল-মুগনী (৪/৪৬১)]

পক্ষান্তরে, নারীর ইতিকাফের ব্যাপারে জমহূর আলেমের অভিমত হচ্ছে: পুরুষের মত নারীর জন্যেও মসজিদ ছাড়া অন্যত্র ইতিকাফ করা সহিহ নয়; পূর্বোক্ত আয়াতের কারণে: “আর তোমরা মসজিদে ইতিকাফে থাকা অবস্থায় স্ত্রীদের সাথে যৌনকর্ম করো না।”[সূরা বাক্বারা, আয়াত: ১৮৭]

এবং কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রীগণ তাঁর কাছে মসজিদে ইতিকাফ করার অনুমতি চাইলে তিনি তাদেরকে অনুমতি দেন এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মৃত্যুর পরেও তাঁরা মসজিদে ইতিকাফ করেছেন।

যদি নারীর জন্য নিজ ঘরে ইতিকাফ করা জায়েয হত তাহলে তিনি তাদেরকে সেই দিক- নির্দেশনায় দিতেন। কেননা নারীর জন্য মসজিদের চেয়ে নিজের ঘর পর্দায় থাকার জন্য অধিক উপযোগী।

কিছু কিছু আলেমের মতে, নারীর জন্য তার ঘরের মসজিদে ইতিকাফ করা সহিহ। সেটি হলো এমন স্থান যে স্থানকে নারী তার নামায আদায় করার জন্য নির্দিষ্ট করে নিয়েছেন।

জমহূর আলেম এর থেকে বারণ করেন। তারা বলেন: নারীর ঘরের মসজিদকে মসজিদ বলা হয় ছাড় দিয়ে; প্রকৃতপক্ষে সেটি মসজিদ নয়। সুতরাং সে স্থানটির ক্ষেত্রে মসজিদের বিধি-বিধান প্রযোজ্য হবে না। এ কারণে জুনুবী (যার ওপর গোসল ফরয) ও হায়েযগ্রস্তের জন্য সেই স্থানে অবস্থান করা জায়েয। দেখুন: আল-মুগনী (৪/৪৬৪)।

ইমাম নববী ‘আল-মাজমু’ গ্রন্থে (৬/৫০৫) বলেন:

“কোন পুরুষ বা নারীর মসজিদ ছাড়া অন্যত্র ইতিকাফ করা সহিহ হবে না। অনুরূপভাবে কোন নারীর জন্য তার নিজ ঘরের মসজিদে কিংবা কোন পুরুষের জন্য তার নিজ ঘরের মসজিদে ইতিকাফ করা সহিহ হবে না। ঘরের মসজিদ হলো: নামাযের জন্য আলাদাকৃত ও প্রস্তুতকৃত স্থান।”[সমাণ্ড]

শাইখ ইবনে উছাইমীন (রহঃ) কে জিজ্ঞেস করা হয়েছিল (মাজমুউল ফাতাওয়া, পৃষ্ঠা- ২০/২৬৪): কোন নারী যদি ইতিকাফ করতে চান তাহলে কোথায় করবেন?

তিনি জবাব দেন: যদি কোন নারী ইতিকাফ করতে চান তাহলে তিনি মসজিদে করবেন; যদি এতে শরয়ি সতর্কীকরণের কিছু না থাকে। আর যদি এতে শরয়ি সতর্কীকরণের কিছু থাকে তাহলে ইতিকাফ করবে না।[সমাণ্ড]

আল-মাওসুআ’ ‘আল-ফিকহিয়া’-তে (৫/২১২) এসেছে:

“তারা নারীর ইতিকাফের স্থানের ব্যাপারে মতভেদ করেছেন: জমহুর আলেমের মতে, পুরুষের মত নারীর জন্যেও মসজিদ ছাড়া অন্যত্র ইতিকাফ করা সহিহ নয়। অতএব, কোন নারীর তার ঘরের মসজিদে ইতিকাফ করা সহিহ নয়। যেহেতু ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তাঁকে এমন মহিলা সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল যিনি তার নিজ ঘরের মসজিদে ইতিকাফ করার শপথ করেছিলেন। তখন তিনি বললেন: বিদাত। আর আল্লাহর কাছে সর্বাধিক অপছন্দীয় আমল হচ্ছে— বিদাত। সুতরাং যে মসজিদে নামাযগুলো অনুষ্ঠিত হয় এমন মসজিদ ছাড়া অন্যত্র কোন ইতিকাফ নেই। কেননা ঘরের মসজিদ প্রকৃত অর্থে কিংবা বিধানগত অর্থে মসজিদ নয়। তাই তো সেই মসজিদকে পরিবর্তন করা ও এর মধ্যে জুনুবী ব্যক্তির ঘুমানো জায়েয। অনুরূপভাবে এটি যদি জায়েয হত তাহলে রাসূলের স্ত্রীগণ সেটি করতেন; এমন কি জায়েয বর্ণনার জন্য একবার হলেও করতেন।”[সমাণ্ড]